এক চতুর্থাংশ দীনার বা তার চেয়ে বেশির ক্ষেত্রে হাত কাটা হবে।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: এক চতুর্থাংশ দীনার বা তার
চেয়ে বেশির ক্ষেত্রে হাত কাটা হবে। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আল্লাহ তা‘আলা সীমালঙ্গনকারী ও ফাসাদ সৃষ্টিকারীদের যথাযথ প্রতিহত করার মাধ্যমে মানুষের জান, মাল ও সম্মানের সার্বিক নিরাপত্তা দিয়েছেন। ফলে চোর যে মানুষের সম্পদকে পরিপূর্ণ সংরক্ষণ করার পরও গোপনে আত্মসাৎ করে তার শাস্তি যে অঙ্গ দিয়ে সম্পদ হরণ করল তা কেটে ফেলা নির্ধারণ করেছেন, যাতে তার অন্যায়ের মার্জনা হয় এবং সে নিজে ও অন্যরা এ ধরনের নিকৃষ্ট পথ থেকে ফিরে এসে সম্মান জনক পন্থায় অর্থ উপার্জনের দিকে ধাবিত হয়। এতে কর্ম বৃদ্ধি পাবে, ক্ষেত খামারে ফসলের উৎপাদন হবে, পৃথিবী আবাদ হবে এবং আত্মা শান্তি পাবে। আর আল্লাহর হিকমত হলো, তিনি যে বস্তু চুরি করার কারণে হাত কাটা হবে তার সর্বনিম্ন পরিমাণ এক চতুর্থাংশ স্বর্ণ দীনার নির্ধারণ করে দিয়েছেন, যাতে সম্পদের সংরক্ষণ হয়, জীবন রক্ষা পায়, নিরাপত্তা নিশ্চিত হয়, আত্মা তৃপ্তি পায় এবং মানুষ নিজেদের সম্পদকে কামাই উপার্জনের লক্ষ্যে ছড়িয়ে দেয়।

https://sunnah.global/hadeeth/bn/show/2964